# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 14 July, 2025

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'আমাদের একটাই লক্ষ্য–২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন হতে হবে। এর কোনো ব্যতিক্রম হবে না। তিনি জানান, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান লন্ডনে প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক করে নির্বাচন আয়োজনের সময়সূচি চূড়ান্ত করেছেন। সোমবার (১৪ জুলাই) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত এক সমাবেশে এসব কথা বলেন তিনি।

মির্জা ফখরুল বলেন, 'তারেক রহমান প্রধান উপদেষ্টার সঙ্গে আলোচনার পর থেকে সরকার এবং তাদের অনুসারীদের মাথা বিগড়ে গেছে। তারা এখন নানা ষড়যন্ত্র করছে।কিন্তু বিএনপি গণতন্ত্রের প্রশ্নে কোনো আপস করবে না।আমরা মানুষের ভোটাধিকার ফিরিয়ে দিতে চাই, চাই একটি সুষ্ঠু নির্বাচন, চাই নতুন বাংলাদেশ বিনির্মাণ।

তিনি দলীয় নেতাকর্মীদের উদ্দেশে বলেন, 'ধৈর্য ধরে পরিস্থিতি মোকাবিলা করুন।এমন কিছু করবেন না যাতে গণতন্ত্রের শত্রুরা সুযোগ নিতে পারে।

তারেক রহমানকে নিয়ে অশ্লীল বক্তব্য দেওয়া রাজনৈতিক নেতাদের সমালোচনা করে ফখরুল বলেন, 'আমি ধিক্কার জানাই সেই তথাকথিত নেতাদের যারা অশ্লীল ভাষায় তারেক রহমানকে নিয়ে কথা বলছেন।আমাদের নেতা কোনো অপমানজনক শব্দে ছোট হন না, বরং ছোট হন তারা, যারা এমন ভাষায় কথা বলেন।

বিএনপি মহাসচিবের ভাষায়, 'এই আন্দোলন এক ব্যক্তির নয়, এটি গোটা জাতির ভোটাধিকার ও গণতন্ত্র রক্ষার আন্দোলন।আমাদের লক্ষ্য স্পষ্ট–সুশাসন, গণতন্ত্র ও জাতীয় স্বার্থ নিশ্চিত করা।

উপদেষ্টা তারেক রহমান নির্বাচন মির্জা ফখরুল ইসলাম আলমগীর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 01:34

URL: https://timestodaybd.com/national/7758074748